# চ্যান্সেলরের **প্রবিধান**

| | | | |
|---|---|---|---|
| ক্যাটেগরী: | **শিক্ষার্থী** | নম্বর: | A-412 |
| বিষয়: | **স্কুলসমূহে নিরাপত্তা** | পৃষ্ঠা: | **১ এর ১** |
| | | ইস্যুর তারিখ: | 11/8/06 |

**পরিবর্তনসমূহের সারসংক্ষেপ**

এই প্রবিধান ১৩ সেপ্টেম্বর, ২০০৫ এর চ্যান্সেলরের প্রবিধান A-412 এর স্থলাভিষিক্ত হবে।

এটি সেই সব প্রতিবেদন এবং বিজ্ঞপ্তি প্রদানের শর্তসমূহ বর্ণনা করে যেগুলো স্কুল সম্পর্কিত কোনো সংঘটিত ঘটনা অথবা অপরাধের ক্ষেত্রে স্কুল কর্মকর্তাদের অনুসরণ করতে হয়। যখন পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী সংস্থাসমূহ শিক্ষার্থী এবং কর্মীদের প্রশ্ন করতে চায় এবং যখন পুলিশ কোনো শিক্ষার্থীকে গ্রেফতার করে তখন স্কুলের করণীয় দায়িত্বগুলোর কথাও এখানে বলা আছে।

পরিবর্তনসমূহ:

- সেল ফোন সংক্রান্ত নীতির স্বাস্থ্যগত অব্যাহতি প্রদানের প্রক্রিয়া

# চ্যান্সেলরের **প্রবিধান**

| | | | |
|---|---|---|---|
| ক্যাটেগরী: | **শিক্ষার্থী** | নম্বর: | A-412 |
| বিষয়: | **স্কুলসমূহে নিরাপত্তা** | পৃষ্ঠা: | **১ এর ১** |
| | | ইস্যুর তারিখ: | 11/8/05 |

**সংক্ষিপ্তসার**

এই প্রবিধান ১৩ সেপ্টেম্বর, ২০০৫ এর চ্যান্সেলরের প্রবিধান A-412 কে রদ করে তার স্থলাভিষিক্ত হয়েছে। এই প্রবিধানে স্কুল কর্মীদের স্কুলে সুরক্ষা এবং নিরাপত্তা রক্ষার দায়িত্বসমূহ বর্ণনা করা হয়েছে। স্কুল-সংশ্লিষ্ট কোনো অপরাধ অথবা সংঘটিত হলে যেসব পদ্ধতি অনুসরণ করতে হবে সে সম্পর্কেও এখানে বলা হয়েছে।

## I. স্কুলে সুরক্ষা

A. সরকারি স্কুলসমূহে শিক্ষার্থী, কর্মী এবং পিতামাতাদের জন্য একটি নিরাপদ এবং সুরক্ষিত পরিবেশ নিশ্চিত করা উচিত। সরকারি স্কুলের ভিতরে এবং আশপাশে নিয়মশৃঙ্খলা রক্ষা করা এবং সুরক্ষার ব্যবস্থা করা শিক্ষার পরিবেশ সৃষ্টির জন্য অত্যন্ত জরুরি। এইরকম পরিবেশে শিক্ষার্থীরা পঠনপাঠনের উচ্চ মান অর্জন করতে পারে, শিক্ষকমণ্ডলী সেই মান অনুসারে শিক্ষা দিতে পারেন এবং পিতামাতা এবিষয়ে আশ্বস্ত হতে পারেন যে সন্তানদের শিক্ষার অধিকার সুনিশ্চিত হয়েছে।

B. নিরাপত্তা এবং সুশৃঙ্খল পরিবেশ রক্ষার যৌথ দায়িত্ব হল সব স্কুলকর্মী, নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট, ডিপার্টমেন্ট অব এডুকেশনের স্টুডেন্ট সেফ্‌টি ডিভিশন এবং প্রিভেনশন সার্ভিস, পিতামাতা ও শিক্ষার্থীদের।

C. প্রিন্সিপালগণ এবং স্কুল সেফ্‌টি এজেন্টরা (এস.এস.এ.) স্কুলের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে একে অপরের সঙ্গে সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করবেন। এই লক্ষ্যে, তারা স্কুলের সম্পত্তিতে ঘটছে এমন ঘটনাগুলো সম্পর্কে দ্রুত একে অপরকে জানাবেন।

D. এই প্রবিধানে যেসব পদ্ধতি বর্ণনা করা হয়েছে সেগুলো মেনে চলা বাধ্যতামূলক। এইসব পদ্ধতি অমান্য করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে, যার মধ্যে চাকরি থেকে বরখাস্ত করাও আছে।

## II. স্কুল-সংশ্লিষ্ট অপরাধ এবং ঘটনা সম্পর্কে লিখিত বিজ্ঞপ্তি এবং প্রতিবেদনের সাহায্যে জানানোর শর্তসমূহ

স্কুলে কোনো অপরাধ অথবা ঘটনা সংঘটিত হলে সে সম্পর্কে লিখিত বিজ্ঞপ্তি এবং প্রতিবেদনের মাধ্যমে জানানোর শর্তসমূহ নিচে বর্ণনা করা হয়েছে। স্কুল-সম্পর্কিত অপরাধ এবং বিশৃঙ্খলার ঘটনাসমূহ হচ্ছে সেগুলো যেগুলো স্কুলের সম্পত্তিতে অথবা তার কাছাকাছি ঘটে থাকে (যেমন স্কুলবাড়ির সামনে, অথবা যা স্কুলের সম্পত্তি থেকে দূরে ঘটে কিন্তু যার সঙ্গে স্কুলের যোগসূত্র আছে, যেমন স্কুলের শিক্ষার্থী অথবা কর্মী যে ঘটনার সঙ্গে যুক্ত)।

নিচের বিজ্ঞপ্তি জারি করার যেসব শর্ত বর্ণনা করা হয়েছে সেগুলো ছাড়াও যেখানে স্কুলের সঙ্গে সম্পর্কযুক্ত একটি গুরুতর অপরাধমূলক, অপরাধমূলক নয় এমন এবং/অথবা চিকিৎসার সঙ্গে সম্পর্কযুক্ত ঘটনা ঘটে যা জনসাধারণের স্বাস্থ্য এবং নিরাপত্তার ওপর প্রভাব ফেলতে পারে অথবা যা খবর হতে পারে (যেমন, গুলি চালানো, বোমা ফাটার ভয়, বাস দুর্ঘটনা, আত্মহত্যার চেষ্টা) সেখানে সুপারিনটেনডেন্ট এর দায়িত্বপালনকারী ব্যক্তি অবশ্যই ডিপার্টমেন্ট অব এডুকেশনের জরুরি তথ্য কেন্দ্রে (ই.আই.সি.) (718) 935-3210 নম্বরে যোগাযোগ করবেন। (অনুগ্রহ করে ৭ জানুয়ারি, ১৯৯৯ তারিখের চ্যান্সেলরের বিশেষ সার্কুলার নং ৭ দেখুন।)

A. স্কুল-সম্পর্কিত অপরাধমূলক ঘটনার বিজ্ঞপ্তি জারি করার শর্তসমূহ

বিজ্ঞপ্তি জারি করার বিষয়ে নিম্নলিখিত শর্তসমূহ তথ্যের সূত্র নির্বিশেষে এবং গোপনীয়তার অনুরোধ সত্ত্বেও অবশ্যই পালন করতে হবে। অনুমোদিত সমাজকর্মী, মনস্তত্ত্ববিদ এবং এস.এ.পি.আই.এস. লিগ্যাল সার্ভিসেস অফিসের সঙ্গে যোগাযোগ করে গোপনীয়তা এবং সকলের কাছে প্রকাশ করতে বাধ্য করা যাবে না এমন বিশেষ তথ্য সম্পর্কে প্রশ্নের উত্তর জেনে নেবেন।

1. শিক্ষার্থীদের দ্বারা সংঘটিত অপরাধমূলক কাজ

   যদি স্কুল সেফটি এজেন্ট (এস.এস.এ.) অথবা ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডি.ও.ই.) কর্মী এমন তথ্য অথবা অভিযোগ পান যে কোনো শিক্ষার্থী এমন একটি স্কুল-সম্পর্কিত অপরাধ ঘটিয়েছে যা শিক্ষার্থী, কর্মী অথবা স্কুল সম্প্রদায়কে বিপদের মুখে ফেলতে পারে তাহলে তিনি অবিলম্বে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করবেন :

   a. যদি ঘটনাটি একটি তাৎক্ষণিক নিরাপত্তার অভাবজনিত জরুরি পরিস্থিতি সৃষ্টি করে, তাহলে এস.এস.এ./ডি.ও.ই. অবিলম্বে পুলিশকে বিজ্ঞপ্তি মারফত জানাবেন এবং তারপরে বিষয়টি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির গোচরে আনবেন।

   b. অন্যান্য সব পরিস্থিতিতে যেখানে কোনো তাৎক্ষণিক নিরাপত্তাজনিত হুমকি নেই, সেখানে এস.এস.এ./ডি.ও.ই. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ঘটনাটি সম্পর্কে জানাবেন। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পুলিশ এবং এস.এস.এ.কে অবহিত করবেন। এখানে এমন কোন বিষয় নেই যার জন্য এস.এস.এ. পুলিশকে জানাতে পারবেন না।

   c. ওপরের (**a**) এবং (**b**) ছাড়াও প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পিতামাতা* এবং সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্টকে বিজ্ঞপ্তি মারফত অবহিত করবেন।

2. ডিপার্টমেন্ট অব এডুকেশনের কর্মীদের দ্বারা সংঘটিত অপরাধমূলক কাজ

   যে সব ক্ষেত্রে এস.এস.এ./ডি.ও.ই. এমন তথ্য অথবা অভিযোগ পেয়েছেন যে ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোনো কর্মী অথবা স্কুলের কর্মসূচি অথবা পরিষেবার সঙ্গে যুক্ত কোনো ব্যক্তি যেমন একজন স্বেচ্ছাসেবী স্কুল-সম্পর্কিত অপরাধ ঘটিয়েছে, সেই সব ক্ষেত্রে তিনি অবিলম্বে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করবেন:

   a. যদি ঘটনাটি একটি তাৎক্ষণিক নিরাপত্তার অভাবজনিত জরুরি পরিস্থিতি সৃষ্টি করে, তাহলে এস.এস.এ./ডি.ও.ই. অবিলম্বে পুলিশকে বিজ্ঞপ্তি মারফত জানাবেন এবং তারপরে বিষয়টি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির গোচরে আনবেন।

   b. অন্যান্য সব পরিস্থিতিতে যেখানে কোনো তাৎক্ষণিক নিরাপত্তাজনিত হুমকি নেই, সেখানে এস.এস.এ./ডি.ও.ই. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ঘটনাটি সম্পর্কে জানাবেন। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পুলিশ, সুপারিনটেনডেন্ট, এস.এস.এ. এবং স্পেশাল কমিশনার

---

* "পিতামাতা" এই পরিভাষাটি যখনই এই প্রবিধানে ব্যবহৃত হবে, তখনই তার অর্থ হবে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক (অভিভাবকগণ) অথবা অন্য যে কোনো ব্যক্তি অথবা সংস্থা যাদের শিক্ষার্থীর সঙ্গে পিতামাতাসুলভ অথবা রক্ষণাবেক্ষণকারীর সম্পর্ক আছে।

অব ইনভেস্টিগেশন নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট ("এস.সি.ও.আই")-কে (212) 510-1400 নম্বরে ফোনে জানাবেন (যদি ঘটনাটিতে দৈহিক শাস্তি দেয়ার অভিযোগ থাকে, তাহলে তারা স্পেশাল ইনভেস্টিগেশন অফিসকেও জানাবেন)।

c. যদি শিক্ষার্থী কোনো অপরাধমূলক ক্রিয়াকলাপের শিকার হয়ে থাকে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পিতামাতাকেও বিজ্ঞপ্তি মারফত জানাবেন।

3. ডিপার্টমেন্ট অব এডুকেশনের কর্মীদের দ্বারা সংঘটিত যৌন অসদাচরণ

ডিপার্টমেন্ট অব এডুকেশনের প্রত্যেক কর্মী এবং অফিসারের ইতিবাচক দায়িত্ব হল ডিপার্টমেন্ট অব এডুকেশনের অফিসার, কর্মী অথবা স্কুল কর্মসূচি অথবা পরিষেবাসমূহের সঙ্গে যুক্ত অন্যান্য ব্যক্তি যেমন স্বেচ্ছাসেবীরা শিক্ষার্থীদের সঙ্গে যৌন অসদাচরণ করলে অবিলম্বে প্রিন্সিপাল/তত্ত্বাবধায়ককে এবং এস.সি.ও.আই.কে সে সম্পর্কে অবহিত করা। এই দায়িত্বের মধ্যে আছে স্কুলভবন এবং সংলগ্ন এলাকায় বা তার বাইরে ঘটেছে এমন যৌন অসদাচরণের ঘটনাগুলোও পড়ে। প্রিন্সিপ্যাল/তত্ত্বাবধায়ক অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগ করবেন। *প্রিন্সিপাল/অফিস প্রধান/সুপারিনটেনডেন্ট অভিযোগের বিষয়ে কোনো তথ্য সংগ্রহ করবেন না অথবা তদন্ড় পরিচালনা করবেন না।* যে অসদাচরণের অভিযোগ জানানো হচ্ছে যদি সেটি একটি অপরাধ হয়, তাহলে প্রিন্সিপাল/তত্ত্বাবধায়ক পুলিশকে জানাবেন।

4. চিকিৎসা সংক্রান্ত জরুরি পরিস্থিতি

a. যদি কারো অবিলম্বে চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে এস.এস.এ./ডি.ও.ই. 911-এ ফোন করে ই.এম.এস./ফায়ার ডিপার্টমেন্টকে জানাবেন। এস.এস.এ./ডি.ও.ই. এর পরে অবশ্যই প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাবেন যিনি একজন প্রশিক্ষণপ্রাপ্ত স্বাস্থ্য বিষয়ক পেশাদারকে (যেমন, স্বাস্থ্য-সহকারী, নার্স, চিকিৎসকের সহকারী) নিয়ে ঘটনাস্থলে যাবেন।

b. যদি যার চিকিৎসার প্রয়োজন সে শিক্ষার্থী হয়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগ করবেন।

c. যদি শিক্ষার্থীকে হাসপাতালে নিয়ে যাওয়ার প্রয়োজন হয় এবং পিতামাতা না এসে থাকেন, তাহলে স্কুলের একজন কর্মী তার সঙ্গে হাসপাতালে যাবেন। যদি স্কুলের কর্মীর কাজের সময় শেষ হওয়া পর্যন্ত পিতা-মাতা না আসেন, তাহলে কর্মী প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন।

5. শিশু নিপীড়ন

a. যে সব ক্ষেত্রে স্কুলের কর্মীদের এমন সন্দেহ করার যুক্তিসম্মত কারণ থাকবে যে কোনো শিক্ষার্থীর পিতামাতা, যে ব্যক্তি শিশুর পরিচর্যার দায়িত্বে আছেন অথবা যিনি নিয়মিত অথবা ধারাবাহিকভাবে শিশুর পরিবারে থাকেন এমন কারো দ্বারা শিশু নিপীড়ন, অসদাচরণ অথবা অবহেলার শিকার হয়েছে, সেই সব ক্ষেত্রে স্কুলের কর্মীরা এমন সন্দেহের বিষয়ে অবিলম্বে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাবেন। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সন্দেহের কথা

অবিলম্বে নিউ ইয়র্ক সেন্ট্রাল স্টেট রেজিস্টার ফর চাইল্ড অ্যাবিউজ্ অ্যান্ড ম্যালট্রিটমেন্টকে (800) 635-1522 নম্বরে ফোন করে জানাবেন। প্রিন্সিপাল এবং কর্মীরা অবশ্যই নিশ্চিত করবেন যাতে চ্যান্সেলরের বিধি A-750 অনুসারে একটি লিখিত প্রতিবেদন তৈরি করা হয়। যদি বেলা ৩:০০ টার মধ্যে চাইল্ড প্রটেকটিভ সার্ভিস (শিশু নিরাপত্তামূলক পরিষেবা) এর কর্মী সাড়া না দেন এবং এটা নির্ধারিত হয় যে বাড়িতে ফিরিয়ে দিলে শিশুর জীবন এবং/অথবা নিরাপত্তা আসন্ন বিপদের সম্মুখীন হবে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সুপারিনটেনডেন্ট/ভারপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে আলোচনা করে 911 নম্বরে টেলিফোন করে জরুরি পুলিশ সহায়তা চাইবেন। (আরও বিস্তারিত জানতে হলে (চ্যান্সেলরের বিধি A-750 দেখুন)।

b. যে সব ক্ষেত্রে স্কুলের কর্মী সন্দেহ করবেন যে শিক্ষার্থী উপরের অনুচ্ছেদ (a)তে বর্ণিত ব্যক্তি ছাড়া অন্য কারো হাতে নিপীড়িত হয়েছে, সেই সব ক্ষেত্রে তারা অবিলম্বে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাবেন। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিশুর পিতামাতা এবং পুলিশের সঙ্গে যোগাযোগ করবেন।

B. স্কুল-সম্পর্কিত ঘটনার বিজ্ঞপ্তি জারি করার শর্তসমূহ

যদি একজন এস.এস.এ./ডি.ও.ই. কর্মী স্কুলের সঙ্গে সম্পর্কযুক্ত এবং অপরাধমূলক নয় এমন একটি ঘটনা, দুর্ঘটনা অথবা জরুরি চিকিৎসার প্রয়োজনীয়তার কথা জানতে পারেন অথবা তার সাক্ষী থাকেন যাতে স্কুলকে শাস্তিমূলক অথবা পরবর্তীতে অন্যান্য পদক্ষেপ এবং/অথবা কেন্দ্রীয়/সুপারিনটেনডেন্ট পর্যায়ের বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজন হয়, তাহলে নিম্নলিখিত পদ্ধতিগুলো অনুসরণ করতে হবে :

1. যদি কারো অবিলম্বে চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে এস.এস.এ./ডি.ও.ই. ওপরে II.A.4 এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করবেন।
2. এস.এস.এ./ডি.ও.ই. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানাবেন।
3. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণ করবেন যে শাস্তিমূলক অথবা পরবর্তীতে অন্য কোনো পদক্ষেপ নেয়া হবে কি না এবং যেখানে শিক্ষার্থী জড়িত সেখানে এর পরে সুপারিনটেনডেন্ট এবং পিতামাতার সঙ্গে যোগাযোগ করবেন।
4. যদি ঘটনাটি শারীরিক শাস্তি দেয়ার ঘটনার সঙ্গে যুক্ত হয়, তাহলে প্রিন্সিপাল স্পেশাল ইনভেস্টিগেশন অফিসকে জানাবেন।

C. লিখিত প্রতিবেদনের শর্তসমূহ

স্কুল-সম্পর্কিত অপরাধমূলক এবং অন্যান্য ঘটনা এবং ওই ধরনের ঘটনার ফলে যে আঘাত লাগে সে সম্পর্কে সম্পূর্ণ এবং নিখুঁত প্রতিবেদন প্রস্তুত করা স্কুলগুলোতে নিরাপত্তা এবং শৃঙ্খলা রক্ষা করার ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ।

1. ঘটনা সম্পর্কে প্রতিবেদন

প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সব স্কুল সম্পর্কিত অপরাধমূলক এবং অন্যান্য ঘটনা সংঘটিত হওয়ার ২৪ ঘন্টার মধ্যে সে সম্পর্কে প্রতিবেদন জমা দেবেন। *

a. ঘটনা সম্পর্কে প্রতিবেদন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি তৈরি করবেন এবং তাতে স্বাক্ষর করবেন। ঘটনাটির যথেষ্ট বিস্তারিত বিবরণ দিতে হবে যাতে কী ঘটেছে তার সম্পূর্ণ, বাস্তবধর্মী বর্ণনা পাওয়া যায়।

b. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি ঘটনার সঙ্গে জড়িত উভয় পক্ষের এবং সাক্ষীদের হাতে লেখা বিবৃতি নেয়ার চেষ্টা করবেন যাতে সময়, তারিখ এবং ঘটনার স্থান নির্দিষ্ট করে বলা থাকবে এবং ঘটনাগুলোর প্রকৃতি এবং তার বিন্যাস সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা থাকবে।

2. এন.ওয়াই.পি.ডি.-এর স্কুল নিরাপত্তা সম্পর্কিত ঘটনার প্রতিবেদন

a. এস.এস.এ. একটি এন.ওয়াই.পি.ডি. স্কুল নিরাপত্তা সম্পর্কিত ঘটনার প্রতিবেদন তৈরি করবে যার মধ্যে উল্লিখিতগুলোর জন্য শিক্ষার্থীদের নাম উল্লেখ করা হবে : গুরুতর অপরাধ, অসদাচরণ এবং অস্ত্রশস্ত্র, নিয়ন্ত্রিত সামগ্রী এবং দুর্বৃত্ত দলের অপরাধমূলক ক্রিয়াকলাপ। যদি এস.এস.এ. এই শ্রেণিভুক্ত কোনো ঘটনার সঙ্গে সরাসরি জড়িত না থাকে অথবা সে সম্পর্কে সচেতন না হয়, তাহলে প্রিন্সিপাল এস.এস.এ.-কে ঘটনার মৌখিক বর্ণনা দেবেন এবং শিক্ষার্থীদের নাম উল্লেখ করবেন।

b. এস.এস.এ. একটি এন.ওয়াই.পি.ডি. স্কুল নিরাপত্তা সম্পর্কিত ঘটনার প্রতিবেদন তৈরি করবে যার মধ্যে উল্লিখিতগুলোর জন্য শিক্ষার্থীদের নাম উল্লেখ করা হবে না: অপরাধমূলক নয় এমনভাবে আতশবাজি ইত্যাদি সঙ্গে রাখা, অপরাধমূলক নয় অন্যের সম্পত্তিতে এমন অনধিকার প্রবেশ, যত্রতত্র ঘুরে বেড়ানো, বিশৃঙ্খল আচরণ এবং হয়রানি। যদি এস.এস.এ. এই শ্রেণিভুক্ত কোনো ঘটনার সঙ্গে সরাসরি জড়িত না থাকে অথবা সে সম্পর্কে সচেতন না হয়, তাহলে প্রিন্সিপাল এস.এস.এ.-কে ঘটনার মৌখিক বর্ণনা দেবেন এবং শিক্ষার্থীদের নাম উল্লেখ করবেন না।

c. এস.এস.এ. এই প্রতিবেদনের একটি কপি সংশ্লিষ্ট চ্যানেলের মাধ্যমে স্কুল সেফ্‌টি ডিভিশন অপারেশন সেন্টার-এ পাঠাবে।

## III. শিক্ষার্থীদের গ্রেফতার করা

A. যদি কোনো ঘটনার ফলে অবিলম্বে গ্রেফতার করার প্রয়োজন হয়, তাহলে এস.এস.এ. শিক্ষার্থীকে গ্রেফতার করে প্রিন্সিপালকে জানাবে।

---

* চ্যান্সেলরের বিধি A-730 অনুসারে ডিপার্টমেন্ট অব এডুকেশনের বাড়ি অথবা সংলগ্ন স্থানে অথবা স্কুল অর্থসাহায্য করছে এমন অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থী, কর্মী এবং অন্যান্য ব্যক্তি কোনো আঘাতের ঘটনার সঙ্গে যুক্ত হলে প্রিন্সিপাল সেই সব আঘাত সম্পর্কে একটি সামগ্রিক আঘাত সংক্রান্ত প্রতিবেদন জমা দেবেন।

B. যদি ঘটনার ফলে তৎক্ষণাৎ গ্রেফতার করার প্রয়োজন না হয় অথবা অন্যান্য পদক্ষেপ অবিলম্বে নিতে না হয়, তাহলে এস.এস.এ. এবং/অথবা এন.ওয়াই.পি.ডি. শিক্ষার্থীকে গ্রেফতার করার আগে অথবা অপরাধমূলক ঘটনার জন্য প্রয়োজনীয় কোনো প্রক্রিয়া শুরু করার আগে অবশ্যই যতটা সম্ভব, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে আলোচনা করে নেবেন।

C. যখন কোনো শিক্ষার্থীকে গ্রেফতার করা হয়, তখন প্রিন্সিপাল অবশ্যই অবিলম্বে পিতামাতাকে জানাবেন। যদি পিতামাতার সঙ্গে যোগাযোগ না করা যায়, তাহলে প্রিন্সিপাল গ্রেফতারকারী অফিসারকে অনুরোধ করবেন যাতে স্কুলের একজন কর্মী শিক্ষার্থীর সঙ্গে প্রিসিংক্ট পর্যন্ত যেতে পারেন। যদি এই অনুমতি না দেয়া হয়, তাহলে একজন কর্মী (যিনি অবশ্যই এস.এস.এ. হবেন না) অবিলম্বে সেই স্থানে চলে যাবেন যেখানে শিক্ষার্থীকে নিয়ে যাওয়া হয়েছে। যে কর্মী শিক্ষার্থীর সঙ্গে প্রিসিংক্টে যাবেন অথবা তাকে অনুসরণ করে প্রিসিংক্টে যাবেন তিনি এমন কেউ হবেন যিনি গ্রেফতারের ঘটনাটির সঙ্গে যুক্ত নন। কর্মী শিক্ষার্থীর সঙ্গে যুক্তিগ্রাহ্য সময় অতিবাহিত করবেন অথবা সেই সময় পর্যন্ত থাকবেন যখন তার আর থাকার প্রয়োজন হবে না।

## IV. পুলিশ অথবা অন্যান্য এজেন্সির তদন্ত

A. কর্মী এবং শিক্ষার্থীদের প্রশ্ন করা

1. যখন পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী এজেন্সি শিক্ষার্থী জড়িত আছে এমন একটি স্কুল-সম্পর্কিত অপরাধের তদন্ত করতে চান, তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই স্কুলের কর্মীদের এবং শিক্ষার্থী নন এমন সাক্ষীদের এবং কর্মীদের অথবা শিক্ষার্থী নন এবং ঘটনায় ক্ষতিগ্রস্ত এমন অন্যদের সাক্ষাৎকার নিতে দেবেন। তবে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সব ব্যক্তির প্রশ্নের উত্তর দেয়ার জন্য জোর করতে পারবেন না।

2. যেখানে একটি স্কুল-সম্পর্কিত অপরাধমূলক ঘটনার জন্য পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী এজেন্সি স্কুলের শিক্ষার্থীদের প্রশ্ন করতে চান, সেখানে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগ করার যথাসম্ভব চেষ্টা করবেন। যদি বিজ্ঞপ্তি জারি করা হয় তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা পুলিশ/তদন্তকারী এজেন্সি পিতামাতা কীভাবে এগোতে চান সে সম্পর্কে তাদের সঙ্গে আলোচনা করবেন। যদি পিতামাতার অমত না থাকে তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পুলিশ/তদন্তকারী এজেন্সিকে শিক্ষার্থীকে সাক্ষাৎকার নেয়ার অনুমতি দেবেন। এই সাক্ষাৎকারের সময় প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি উপস্থিত থাকবেন।

3. যেখানে স্কুলের সঙ্গে সম্পর্কযুক্ত একটি অপরাধমূলক ঘটনার তদন্তের জন্য পুলিশ/তদন্তকারী এজেন্সি শিক্ষার্থীকে প্রশ্ন করার জন্য স্কুলে আসে এবং সেই শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগ না করা যায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পুলিশকে নিম্নলিখিত ক্ষেত্রে শিক্ষার্থীর সঙ্গে কথা বলতে দেবেন:

   a. যদি অপরাধ করেছে সন্দেহ করা হচ্ছে এমন শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগ না করা যায়, তাহলে পুলিশ/তদন্তকারী এজেন্সিকে শিক্ষার্থীরকে প্রশ্ন করতে দেয়া হবে না যদি না অফিসার ইঙ্গিত করেন যে আসন্ন বিপদের আশঙ্কা থাকছে। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি

নির্ধারণ করবেন আসন্ন বিপদের আশঙ্কা আছে কি না। যদি তিনি এসম্পর্কে অনিশ্চিত হন এবং জরুরি পরিস্থিতি না থাকে তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি লিগ্যাল সার্ভিসেস অফিস (আইন পরিষেবা দফতর) এর সঙ্গে যোগাযোগ করবেন।

b. যদি সন্দেহভাজন নয় এমন (যেমন ক্ষতিগ্রস্ত অথবা সাক্ষী) শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগ না করা যায়, তাহলে পুলিশ/তদন্তকারী এজেন্সিকে শিক্ষার্থীর সাক্ষাৎকার নিতে দেয়া যাবে না যদি না বিশেষ জরুরি পরিস্থিতির জন্য তেমন সাক্ষাৎকার অবশ্যম্ভাবী হয়ে পড়ে। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি নির্ধারণ করবেন তেমন জরুরি পরিস্থিতির সৃষ্টি হয়েছে কি না। যদি তিনি এসম্পর্কে অনিশ্চিত হন এবং জরুরি পরিস্থিতি না থাকে তাহলে তিনি লিগ্যাল সার্ভিসেস অফিস এর সঙ্গে যোগাযোগ করবেন।

c. যেখানে পিতামাতাকে বিজ্ঞাপিত না করেই সাক্ষাৎকার গৃহীত হয়, সেখানে সাক্ষাৎকার গ্রহণের সময় প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি উপস্থিত থাকবেন। তবে, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কোনো শিক্ষার্থীকে স্কুলে সাক্ষাৎকার দিতে বাধ্য করতে পারবেন না।

4. যেখানে পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী এজেন্সি একজন শিক্ষার্থীকে পিতামাতা, অভিভাবক অথবা রক্ষণাবেক্ষণকারীর বিরুদ্ধে একটি শিশু নিপীড়নের অভিযোগের বিষয়ে প্রশ্ন করতে চান, সেখানে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সেই প্রশ্নোত্তরের অনুমতি দেবেন এবং পিতামাতা, অভিভাবক অথবা রক্ষণাবেক্ষণকারীর সঙ্গে যোগাযোগ করবেন না। যেখানে পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী এজেন্সি একজন শিক্ষার্থীকে তার পরিবারে সবসময় এবং নিয়মিত পাওয়া যায় এমন কোনো ব্যক্তির বিরুদ্ধে একটি শিশু নিপীড়নের অভিযোগের বিষয়ে প্রশ্ন করতে চান, সেখানে প্রিন্সিপাল পুলিশ অথবা এজেন্সির সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেবেন যে পিতামাতার সঙ্গে যোগাযোগ করে প্রশ্ন করা হবে নাকি তাদের অনুপস্থিতিতেই প্রশ্নোত্তর চলবে। উভয় ক্ষেত্রেই প্রিন্সিপাল অথবা শিশু যার সঙ্গে স্বাচ্ছন্দ বোধ করবে তিনি সাক্ষাৎকারের সময়ে উপস্থিত থাকবেন। এই পরিস্থিতিতে শিশুর রেকর্ড পুলিশ অথবা তদন্তকারী এজেন্সিকে পিতামাতার অনুমতি না নিয়েই দেয়া হবে। (চ্যান্সেলরের বিধি A-750 দেখুন)।

5. যেখানে স্কুলের সঙ্গে কোনো সম্পর্ক নেই এমন একটি অপরাধমূলক ঘটনার জন্য পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী এজেন্সি স্কুলের শিক্ষার্থী অথবা কর্মীদের প্রশ্ন করতে চান, সেখানে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি পুলিশ অথবা তদন্তকারী এজেন্সিকে ওই সাক্ষাৎকার স্কুলের বাইরের সময়ে করার জন্য অনুরোধ করতে পারেন। যেখানে পুলিশ অথবা অন্যান্য তদন্তকারী এজেন্সি জানাবে যে জরুরি পরিস্থিতির কারণে সাক্ষাৎকার গ্রহণের প্রয়োজন, সেখানে স্কুলের কর্মীরা আরও পরামর্শের জন্য লিগ্যাল সার্ভিসেস অফিস-এর সঙ্গে যোগাযোগ করবেন। যদি এই ধরনের প্রশ্ন করার অনুমতি দেয়া হয়, তাহলে সেটি এমনভাবে করতে হবে যাতে স্কুলের কাজকর্মে সবথেকে কম বিঘ্ন ঘটে।

**V.** **বেআইনি জিনিসের (অস্ত্রশস্ত্র, মাদকদ্রব্য ইত্যাদি) ভাউচার প্রস্তুত এবং তা বাজেয়াপ্ত করা**

A. যদি পুলিশ বেআইনি জিনিস থাকার জন্য কোনো শিক্ষাথীকে গ্রেপ্তার করে তাহলে পুলিশ সেই জিনিসগুলো নিজের জিম্মায় নেবে এবং যেসব জিনিস বাজেয়াপ্ত করা হল তার ভাউচার তৈরি করবে।

B. স্কুলের কর্মকর্তারা অবশ্যই এন.ওয়াই.পি.ডি. ভাউচারের জন্য অনুরোধ করবেন (যে করণিক সম্পত্তির হিসাব রাখেন তার ইনভয়েস)।

C. যদি পুলিশ স্কুলের সম্পত্তিতে আবিষ্কৃত অস্ত্রশস্ত্র নিজের জিম্মায় না নেয়, তাহলে নিম্নলিখিত পদ্ধতিগুলো প্রযোজ্য হবে:

1. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একটি ডি.ও.ই. ভাইচার ফরম এবং খাম ব্যবহার করে জিনিসগুলোর ভাউচার তৈরি করবেন। ওই ফরমে সকল প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।

2. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই অবিলম্বে ডি.ও.ই.-এর ডিভিশন অব স্টুডেন্ট সেফ্‌টি অ্যান্ড প্রিভেনশন সার্ভিসেস্‌ (ডি.এস.এস.অ্যান্ড পি.এস./শিক্ষাথী সুরক্ষা ও প্রতিরোধ পরিষেবা বিভাগ) কে জানাবেন যারা এন.ওয়াই.পি.ডি.-এর স্কুল সেফ্‌টি ডিভিশন কর্তৃক বেআইনি জিনিসগুলো তুলে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবে।

3. এন.ওয়াই.পি.ডি.-এর স্কুল সেফ্‌টি ডিভিশন কর্তৃক নিয়ে যাওয়ার জন্য দেয়ার আগে পর্যন্ত অস্ত্রশস্ত্র অবশ্যই কোনো স্থানে নিরাপদভাবে রাখতে হবে।

4. যখন এন.ওয়াই.পি.ডি. বেআইনি জিনিসটি নিতে আসবে তখন প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একটি সিল করা ভাউচার খামে বেআইনি জিনিসপত্র এবং তার ভাউচারটি দেবেন।

5. যদি সুপারিনটেনডেন্ট এর বরখাস্ত হওয়ার বিষয়ে শুনানির সাক্ষ্যপ্রমাণ হিশেবে স্কুলের ওই বেআইনি জিনিসটির প্রয়োজন হয়, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই ডি.এস.এস.অ্যান্ড.পি.এস. এর সঙ্গে যোগাযোগ করবেন যারা প্রয়োজনীয় ব্যবস্থা করবে।

D. স্কুলের সম্পত্তিতে সেল ফোন, আইপড, বিপার এবং অন্যান্য সংযোগরক্ষাকারী সরঞ্জাম নিষিদ্ধ। কিন্তু স্বাস্থ্যগত কারণে কোন শিক্ষাথীকে প্রিন্সিপাল অনুমতি প্রদান করতে পারেন। (চিকিৎসা সুবিধার জন্য বর্ণিত এই অনুমোদন প্রক্রিয়া সংযুক্ত অ্যাচামেন্ট A- তে দেখুন।)

E. যদি স্কুল সেল ফোন, আইপড, বিপার/ অন্য সংযোগরক্ষাকারী সরঞ্জাম বাজেয়াপ্ত করে, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই শিক্ষাথীর পিতামাতার সঙ্গে যোগাযোগ করবেন যাতে পিতামাতা ব্যক্তিগতভাবে এসে সরঞ্জামটি নিয়ে যেতে পারেন।

F. যতক্ষণ পর্যন্ত না পিতামাতা আসছেন ততক্ষণ স্কুল সেলফোন, আইপড, বিপার/ অথবা অন্য সংযোগরক্ষাকারী সরঞ্জামটি নিরাপদে রক্ষণাবেক্ষণ করবে।

যদি পিতামাতা বারংবার সরঞ্জামটি সংগ্রহ করে নিতে ব্যর্থ হন, তাহলে স্কুল সে জিনিসটি অপসারণের ব্যবস্থা করবে।

**VI.** **ছাত্রছাত্রী সম্পর্কিত তথ্য প্রকাশ**

স্বাস্থ্য অথবা নিরাপত্তাজনিত জরুরি পরিস্থিতি ছাড়া শিক্ষার্থীর রেকর্ড থেকে কোনো তথ্য কোনো তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করা যাবে না যার মধ্যে থাকবে এন.ওয়াই.পি.ডি. এবং এস.এস.এ.। আদালতের আদেশ অথবা আইনত জারি করা সমন অথবা শিক্ষার্থীর পিতামাতাকে অবহিত করে তাদের কাছ থেকে লিখিত অনুমোদন নিলে অথবা শিক্ষার্থীর বয়স ১৮ বছর বা তার বেশি হয়ে থাকলে তার নিজের লিখিত অনুমোদনের ভিত্তিতেই কেবল এর ব্যতিক্রম হতে পারে। স্বাস্থ্য অথবা নিরাপত্তাজনিত জরুরি পরিস্থিতি হল সেটি যখন কোনো আসন্ন বিপদের আশঙ্কা থাকে অথবা যখন অস্বাভাবিক অবস্থা অথবা কাজে বিঘ্ন ঘটা এড়াতে অথবা তার প্রশমন ঘটাতে অবিলম্বে তথ্যের প্রয়োজন হয়। আসন্ন বিপদের মধ্যে আছে একটি হিংসাত্মক অপরাধের ঘটনার সক্রিয় তদন্ত যার মধ্যে থাকবে খুন,লুণ্ঠন, ডাকাতি, যৌন অপরাধ, অস্ত্রশস্ত্র সঙ্গে রাখা অথবা আক্রমণ যেখানে এটা বিশ্বাস করার যুক্তিসম্মত কারণ আছে যে একজন বর্তমান বা প্রাক্তন শিক্ষার্থী সন্দেহভাজন অথবা তদন্তের বিষয়ে তার কাছে এমন তথ্য পাওয়া যাবে যা শিক্ষার্থী অথবা অন্যদের স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষা করার জন্য প্রয়োজন হবে। তবে হিংসাত্মক ঘটনাগুলোর উদাহরণ শুধুমাত্র উপরের ঘটনাগুলোর মধ্যেই সীমিত থাকবে না।

**VII.** **জিজ্ঞাস্য বিষয়সমূহ**

এই প্রবিধানের সঙ্গে সম্পর্কযুক্ত সব জিজ্ঞাস্য বিষয় স্কুল অনুশাসন ও উন্নয়ন দফতর (অফিস অব স্কুল ইন্টারভেনশন অ্যান্ড ডেভেলপমেন্ট) কে জানাতে হবে:

| ফোন | *Office of School Intervention and Development* | ফ্যাক্স |
|---|---|---|
| 212-374-6095 | NYC Department of Education<br>52 Chambers Street<br>New York, NY 10007 | 212-374-5598 |

# সেলফোন নীতির চিকিৎসা সংক্রান্ত অনুমোদনে অব্যাহতি প্রদানের প্রক্রিয়া

A. অনুমতির আবেদন

1. চিকিৎসা সংক্রান্ত কারণে শিক্ষার্থীদেরকে স্কুল বিল্ডিংয়ে সেলফোন আনার অনুমতি প্রদান করা যেতে পারে।

2. স্বাস্থ্যগত কারণে সেলফোন ব্যবহারের অনুমতি পাবার জন্য, পিতামাতাকে অবশ্যই চিকিৎসক* প্রদত্ত নিচে বর্ণিত তথ্যসহ একটি ফরম পূরণ এবং স্বাক্ষর করতে হবে;

- শিক্ষার্থীর স্বাস্থ্যগত অবস্থার বিবরণ;
- সেলফোন ব্যবহারের নিষেধাজ্ঞা থেকে শিক্ষার্থীকে কেন অব্যাহতি দেয়া প্রয়োজন তার ব্যাখ্যা;
- এই সুবিধা প্রদানের সময়সীমা;
- এবং চিকিৎসকের স্বাক্ষর (সংযুক্ত ফরমটি দেখুন)।

3. অসম্পূর্ণ অথবা মিথ্যা তথ্য ছাড়া এ ধরনের ফরমে প্রিন্সিপ্যাল অনুমোদন দেবেন।

4. এই অব্যাহতির আবেদন বাৎসরিক ভিত্তিতে জানাতে হবে।

B. সেল ফোন ব্যবহারের শর্তসমূহ

1. আবেদন অনুমোদিত হলে শিক্ষার্থীদেরকে বিশেষ পাস প্রদান করা হবে। শিক্ষার্থী স্কুল বিল্ডিংয়ে প্রবেশের পর এই পাসটি অবশ্যই প্রদর্শন করে রাখতে হবে।

2. যেসকল শিক্ষার্থীকে এই অব্যাহতির অনুমোদন প্রদান করা হয় তারা স্কুল বিল্ডিংয়ে সেল ফোন আনতে পারবে। কিন্তু, এই অব্যাহতি সে যখন স্কুলে থাকে তখন তাকে সেল ফোন ব্যবহার অথবা বহন করার অনুমতি প্রদান করে না।

3. বিল্ডিংয়ে প্রবেশের পর সেল ফোন অবশ্যই বন্ধ রাখতে এবং স্কুল কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে এবং স্কুল থেকে শিক্ষার্থী ফেরার সময় সেটি তাকে ফেরত দিতে হবে।

4. স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই ভাউচার দিতে হবে এবং একটি নিরাপদ জায়গায় সেল ফোনটি সংরক্ষিত থাকবে।

5. স্কুলে যদি সেল ফোনটি ব্যবহার করা অথবা খোলা রাখা হয়, শিক্ষার্থীকে নিউ ইয়র্ক সিটির শৃঙ্খলা বিধি অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হতে পারে।

C. উপাত্ত সংগ্রহ

- চিকিৎসা সংক্রান্ত অব্যাহতির সকল আবেদন এটিএস–এ অবশ্যই সংরক্ষিত থাকবে;
- প্রিন্সিপ্যালদেরকে অবশ্যই অব্যাহতির আবেদনের অনুমোদন অথবা প্রত্যাখ্যানের তথ্য সংরক্ষিত রাখতে হবে;
- যেসকল শিক্ষার্থীকে অব্যাহতি প্রদান করা হয়েছে তাদের তালিকাও প্রিন্সিপ্যালগণকে অবশ্যই সংরক্ষিত রাখতে হবে।

D. গোপনীয়তা

সেল ফোন অব্যাহতি আবেদনের সাথে সম্পর্কিত চিকিৎসা তথ্য স্কুল কর্তৃপক্ষ কর্তৃক অবশ্যই যথাযথভাবে গোপনীয় রাখবে।

---

* আইইপি অথবা 504 সুবিধা যা চিকিৎসা পরিসেবা প্রদান করে এবং যারা সেল ফোন ব্যবহারে চিকিৎসা অব্যাহতি চাইছে তাদেরকে অবশ্যই এইসব প্রক্রিয়া অনুসরণ করতে এবং আবশ্যিক নথিপত্র জমা দিতে হবে।

**স্কুল লেটারহেডের জন্য সংরক্ষিত স্থান**

**২০০৬–২০০৭ স্কুল বছরে চিকিৎসার কারণে স্কুলে সেল ফোন আনার অনুমতির আবেদন**

চ্যান্সেলরের প্রবিধান A-412 অনুযায়ী, চিকিৎসাজনিত কারণে শিক্ষার্থীদেরকে স্কুল বিল্ডিংয়ে সেল ফোন আনার অনুমতি প্রদান করা যেতে পারে। এই অব্যাহতি কোন শিক্ষার্থীকে স্কুলে সেল ফোন ব্যবহার অথবা সেটি বহনের অনুমতি প্রদান করে না। এই ফরমটি অবশ্যই পিতামাতাকে পূরণ করতে এবং সেকশন A অংশটি চিকিৎসক কর্তৃক পূরণকৃত হতে হবে। পূরণকৃত ফরমটি অবশ্যই প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে হবে।

শিক্ষার্থীর নাম: শেষ: ________________________ প্রথম: ________________ মধ্য: __________

পুরুষ: ______ মহিলা: _______ জন্ম তারিখ: ________________ আই.ডি #: __________________________

স্কুল: ______________________________________________________ ক্লাস: ____________________

প্রযোজ্য হলে একটি টিক চিহ্ন দিন: শিক্ষার্থীর আইইপি আছে ________ অথবা 504 বিশেষ সুবিধা আছে ________ যা তাকে চিকিৎসা পরিসেবা প্রদান করে।

*(***অনুগ্রহ করে জেনে রাখুন আইইপি অথবা 504 বিশেষ সুবিধা স্বতোক্রিয়ভাবে কোন শিক্ষার্থীকে চিকিৎসার কারণে স্কুলে সেল ফোন আনার অনুমতি প্রদান করে না।***)*

---

A. আবেদনকৃত অনুমতির জন্য চিকিৎসকের অভিমত

1. স্বাস্থ্যগত অবস্থার প্রকৃতির বিবরণ দিন (রোগ নির্ণয়/অবস্থা এর অন্তর্ভুক্ত):

______________________________________________

______________________________________________

______________________________________________

2. স্বাস্থ্যগত কারণে কেন সেল ফোন জরুরি তার ব্যাখ্যা দিন:

______________________________________________

______________________________________________

______________________________________________

3. স্কুল বছরে কত দিনের জন্য এই অব্যাহতি শিক্ষার্থীর প্রয়োজন সেটি এখানে উল্লেখ করুন:

______________________________________________

______________________________________________

______________________________________________

| | |
|---|---|
| ______________________________ | ______________________________ |
| চিকিৎসকের নাম (স্পষ্টাক্ষরে লিখুন) | চিকিৎসকের স্বাক্ষর |
| ______________________________ | ______________________________ |
| স্বাক্ষরের তারিখ | এনওয়াইএস রেজিস্ট্রেশন নম্বর |

চিকিৎসক/ক্লিনিকের ঠিকানা | জিপ কোড

চিকিৎসক/ক্লিনিকের ফোন নম্বর | চিকিৎসক/ক্লিনিকের ফ্যাক্স নম্বর

এই আবেদনের মাধ্যমে, আমি চিকিৎসাজনিত করণে স্কুলে আমার সন্তানকে স্কুলে সেল ফোন আনার অনুমতি চাইছি। আমি জানি স্কুলে প্রবেশ করেই তাকে তার ফোন স্কুল কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে এবং স্কুল থেকে ফেরার সময় তাকে আবার ফোন ফেরত দেয়া হবে। আমি এও জানি স্কুলে সেল ফোন ব্যবহার করা অথবা অ্যাক্টিভেটেড রাখা হলে, তার বিরুদ্ধে এনওয়াইসি শৃঙ্খলা বিধি অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এই ফরমে আমার প্রদত্ত তথ্য সঠিক এবং পূর্ণ।

নিচে অনুগ্রহ করে পিতামাতার নাম এবং ঠিকানা স্পষ্টাক্ষরে লিখুন:

পিতামাতা নাম | পিতামাতার স্বাক্ষর

পিতামাতার ঠিকানা | জিপ কোড

স্বাক্ষরের তারিখ | দিনেরবেলার ফোন নম্বর

---

স্কুল বিল্ডিংয়ে সেল ফোন আনার অনুমতি প্রদান করা হবে কিনা সেটি নির্ধারণে, এই আবেদন অবশ্যই প্রিন্সিপ্যাল কর্তৃক অনুমোদিত হবে। এই আবেদন অবশ্যই বাৎসরিক ভিত্তিতে জানাতে হবে।

প্রিন্সিপ্যালের ব্যবহারের জন্য: ○ অনুমোদিত ○ প্রত্যাখ্যান করা হলো

প্রিন্সিপ্যালের স্বাক্ষর: ______________________

স্বাক্ষরের তারিখ: ______________________